# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 12-06-2025 Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) দক্ষিণ ২৪ পরগণার মহেশতলায় গতকালের দুই গোষ্ঠীর সংঘর্ষের পর পরিস্থিতি এখনও থমথমে। গ্রেপ্তার ১৮ জন। কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, মমতা ব্যানার্জীর শাসনে হিন্দুরা সুরক্ষিত নয়।

অন্যদিকে, পুর ও নগোরন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন, আইন আইনের পথে চলবে।

ঘটনার প্রতিবাদে আজ বিধানসভা অচল করে দেওয়ার হুঁশিয়ারি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির।

২) কলকাতা হাইকোর্টে আজ ফের প্রাথমিকে ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি শুরু হচ্ছে।

৩) যোগ্যদের চাকরিতে পুনর্বহালের দাবিতে আজ এসএসসি ভবন অভিযানের ডাক দিয়েছে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ।

৪) বহরমপুরে কলেজ ছাত্রীকে কুপিয়ে খুনের ঘটনায় দোষী সুশান্ত চৌধুরীর মৃত্যুদন্ড রদ কোরে আমৃত্যু কারাবাসের নির্দেশ কলকাতা হাইকোর্টের।

৫) বকেয়া মহার্ঘ ভাতা মেটানো নিয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশের বেশ কিছু পরিবর্তন চেয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার।

৬) ১৬ তারিখের আগে দক্ষিণবঙ্গে বর্ষা প্রবেশের সম্ভাবনা নেই বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

---------------------------------------------------------------------------------------

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলায় দোকান বসানোকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে দফায় দফায় সংঘর্ষের পর পরিস্থিতি আজও থমথমে। সম্পূর্ন এলাকা কার্যত বনধের চেহারা নিয়েছে। বন্ধ রয়েছে দোকানপাট। এলাকায় টহল দিচ্ছে পুলিশ। রবীন্দ্রনগর এলাকায় জারি রয়েছে ন্যায় সংহিতার ১৬৩ ধারা। কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা গতকাল ঘটনাস্থলে যান। ররীন্দ্রনগরে গোলমালের সূত্রপাত হলেও ক্রমে তা বজবজ, গোবিন্দনগর এবং মেটিয়াবুরুজের একাধিক এলাকায় ছড়িয়ে পড়ে। ভাঙচুর চলে একাধিক দোকানে। অগ্নিসংযোগ করা হয় বেশ কয়েকটি মোটর বাইকে। উত্তেজিত জনতাকে নিয়ন্ত্রণে আনতে গেলে পুলিশকে লক্ষ্য করে ছোড়া হয় ইট-পাথর। কয়েকটি বাড়ির ছাদ থেকেও পাথর ছোড়ার অভিযোগ উঠেছে। আগুন ধরিয়ে দেওয়া হয় পুলিশের গাড়িতেও। পরিস্থিতি মোকাবিলায় কাঁদানে গ্যাসের শেল ছোড়ে পুলিশ। জখম হন ডিসি পোর্ট সহ একাধিক পুলিশ কর্মী। পরিস্থিতি মোকাবিলায় নামাতে হয় র‍্যাফ।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই ঘটনার জন্য রাজ্য সরকারকেই দায়ী করেছেন।

(বাইট)

তিনি আজ ঘটনাস্থলে যেতে পারেন বলে খবর।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনার প্রতিবাদে আজ রাজ্য জুড়ে গৈরিক পতাকা হাতে নিয়ে শান্তিপূর্ণ মিছিলের ডাক দিয়েছেন। একইসঙ্গে আজ বিধানসভা অচল করে দেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তিনি। দলের শীর্ষ নেতৃত্বকে সঙ্গে নিয়ে গতকাল শুভেন্দুবাউ ভবানীভবনে রাজ্য পুলিশের ডিজির সঙ্গে দেখা করতে গেলে পুলিশ বাধা দেয়।

পরিস্থিতি সামলাতে পুলিশের ব্যর্থতা নিয়ে প্রশ্ন তুলেছে সিপিআইএম এবং কংগ্রেসও।

এদিকে, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম বলেছেন, পুলিশ তার কাজ করছে। কেউই আইনের উর্ধে নয়।

(বাইট)

-----------------------

কলকাতা হাইকোর্টে আজ ফের ২০১৬-র প্রাথমিকে ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি শুরু হচ্ছে।বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে আদালতের গ্রীষ্মকালীন অবকাশের আগে এই মামলার শুনানি শুরু হয়েছিল। এর আগের শুনানিতে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত প্রাথমিক শিক্ষা পর্ষদের তরফে আদালতে জানান, ওই নিয়োগে কোনো আর্থিক লেনদেন হয়নি। দুর্নীতি শব্দটির রীতিমতো অপপ্রয়োগ করা হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন। আজও তিনি তার বক্তব্য পেশ করবেন।

উল্লেখ্য, ২০১৬ সালের এই নিয়োগ প্রক্রিয়ায় একাধিক ত্রুটি রয়েছে মনে করে প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন। যদিও সেই নির্দেশে ডিভিশন বেঞ্চ স্থগিতাদেশ দেওয়ায় এখনো কারো চাকরি বাতিল হয়নি।

----------------------

যোগ্যদের চাকরিতে পুনর্বহালের দাবিতে আজ এসএসসি ভবন অভিযানের ডাক দিয়েছে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ। বিধাননগরের করুণাময়ী মোড়ে জমায়েত হয়ে এসএসসি ভবনের দিকে মিছিল করে যাবেন চাকরি হারানো শিক্ষক ও শিক্ষাকর্মীরা।

সংগঠনের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেন, সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশনের ফলাফল না দেখে নতুন নিয়োগ পরীক্ষার ফর্ম ফিল-আপ করানো যাবে না। এছাড়া যাঁরা স্কুলে যাচ্ছেন তাঁদের সার্টিফায়েড তালিকাও দিতে হবে। মূলত এই দুই দাবিতেই আজকের কর্মসূচির ডাক দিয়েছেন তাঁরা। এর পাশাপাশি, চাকরি ফেরানোর দাবিতে রাষ্ট্রপতিকে গণচিঠি পাঠিয়েছেন চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। সমস্ত রাজনৈতিক দলের সাংসদদেরও এই চিঠি পাঠানো হয়েছে।

----------------------

মুর্শিদাবাদের বহরমপুরে কলেজ ছাত্রী সুতপা চৌধুরীকে কুপিয়ে খুনের ঘটনায় দোষী সুশান্ত চৌধুরীর মৃত্যুদন্ড রদ করে আমৃত্যু কারাবাসের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। একই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা দিতে হবে তাকে। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ গতকাল নজিরবিহীন রায়ে নিম্ন আদালতের ফাঁসির নির্দেশ বাতিল করে এই সাজা দেন। সাধারণত যাবজ্জীবন বা

আমৃত্যু কারাদন্ডে দন্ডিতরা ১২ বছর পর পর তাদের সাজার মেয়াদ কমানোর আবেদন করতে পারে। কিন্তু হাইকোর্টের নির্দেশ অনুযায়ী, আগামী ৪০ বছর সুশান্ত সেই আবেদন করতে পারবে না।

উল্লেখ্য, সম্পর্কের টানাপোড়েনের জেরে ২০২২ সালের দোসরা মে বহরমপুরের গোরাবাজার এলাকায় সুতপাকে ছুরি নিয়ে এলোপাথারি কোপায় সুশান্ত। তাঁর শরীরে ৪২টি আঘাতের চিহ্ন মেলে।

-----------------------

হাসপাতালের গাফিলতিতে রোগী মৃত্যুর জেরে স্বাস্থ্য কমিশনের দেওয়া পাঁচ লক্ষ টাকা ক্ষতিপূরনের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ অবিলম্বে ওই বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষকে ক্ষতিপূরণের টাকা দিতে বলেছে। এর আগে সিঙ্গেল বেঞ্চও একই নির্দেশ দিয়েছিলেন।

উল্লেখ্য, উত্তর ২৪ পরগনার ইছাপুরের বাসিন্দা আঠারো বছরের ছাত্র শুভ্রজিৎ চট্টোপাধ্যায় ২০২০ সালের ১০ জুলাই শ্বাসকষ্টজনিত অসুস্থতা নিয়ে প্রথমে ইএসআই পরে ওই বেসরকারি হাসপাতালে যান। কিন্তু সেখানে তার করোনা হয়েছে দাবি করে একটি রিপোর্ট বানিয়ে সরকারি হাসপাতালে রেফার করা হয়। পরে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তির পর সেখানেই তার মৃত্যু হয়।মেডিক্যাল কলেজের রিপোর্টে জানানো হয়, শুভ্রজিৎ করোনায় আক্রান্ত নয়। শ্বাসকষ্টের সময়ে অক্সিজেন না মেলায় তাঁর মৃত্যু হয়েছে।

-----------------------

কাজের প্রলোভন দেখিয়ে উত্তর ২৪ পরগণার সোদপুরের বাসিন্দা এক তরুণীকে হাওড়ার ডোমজুড়ে নিয়ে গিয়ে আটকে রেখে শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনায় মূল অভিযুক্ত শ্বেতা খানকে পুলিশ গ্রেপ্তার করেছে। গতসন্ধ্যায় আলিপুর থেকে তাকে ধরা হয়। এর আগে সকালে শ্বেতার ছেলে আরিয়ান খানকে গল্ফগ্রীন এলাকা থেকে গ্রেফতার করে পুলিশ। তাকে গতকাল হাওড়া আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। এফ আই আর-এ নাম থাকা আরিয়ানের বোন ১২ বছর বয়সী জোয়া খানকেও পুলিশ আটক করে। গতকাল তাকে হোমে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, গুরুতর অসুস্থ অবস্থায় বর্তমানে ওই তরুণী হাসপাতালে চিকিৎসাধীন।

এদিকে, এই ঘটনায় জাতীয় মহিলা কমিশন স্বতঃপ্রণোদিত হয়ে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে চিঠি পাঠিয়ে অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছে।

----------------------

এবারের **স্পটলাইট**-এর বিষয়- ‘স্থূলতা ও তার প্রতিকার’। আলোচনায় অংশ নিয়েছেন বিশিষ্ট পুষ্টিবিদ নন্দিতা দাস। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত।

দুই পর্বের অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব প্রচারিত হবে আজ রাত সাড়ে আটটায় আকাশবাণীর সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

----------------------

বকেয়া মহার্ঘ ভাতা মেটানো নিয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশের বেশ কিছু পরিবর্তন চেয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। নবান্ন সূত্রের খবর, সর্বোচ্চ আদালতের নির্দেশের কয়েকটি ক্ষেত্রের সুস্পষ্ট ব্যাখ্যা চেয়ে আবেদন করা হয়েছে। তবে সেই সঙ্গে শীর্ষ আদালতের নির্দিষ্ট করে দেওয়া সময়ের মধ্যে বকেয়া

মহার্ঘ্যভাতা দেওয়ার প্রস্তুতিও শুরু করেছে নবান্ন। তবে আদালতে গ্রীষ্মবকাশ চলায় এখনই শুনানি হচ্ছে না। ছুটি শেষ হলে বিষয়টি তালিকাভুক্ত হতে পারে।

-----------------------

কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড, গবেষণা জাহাজ নির্মাণে জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়ার সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেছে। এর আওতায় দুটি বিশেষ গবেষণা জাহাজ তৈরি করা হবে। ৪৫০ টনের বহন ক্ষমতা জাহাজগুলি অফশোর জিওলজিকাল ম্যাপিং, ড্রেজিং, সমুদ্র পর্যবেক্ষণ ও গবেষণার কাজে ব্যবহার করা হবে। জিআরএসি-র জাহাজ নির্মাণ বিষয়ের অধিকর্তা কম্যান্ডার শান্তনু বোস এবং জিএসআই-এর ডেপুটি ডিরেক্টর জেনারেল ডক্টর এন এম শরিফ চুক্তিতে স্বাক্ষর করেন।

-----------------------

ন্যাশনাল ট্রেডার্স ওয়েলফেয়ার বোর্ড প্রধানমন্ত্রীর ভোকাল ফর লোকাল স্লোগানকে বাস্তবায়িত করতে ব্যবসায়িক সংগঠনগুলিকে নির্দেশ দিয়েছে। কলকাতায় দুদিনের এক ব্যবসায়িক সম্মেলনে সংস্থার চেয়ারম্যান সুনীল জে সিংহী বলেন, বিকশিত ভারতের পরিকল্পনাকে এগিয়ে নিয়ে যেতে ভোকাল ফল লোকাল স্লোগানকে বাস্তবায়িত করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অপারেশন সিঁদুরে ভারতীয় সেনা যে অস্ত্র ব্যবহার করেছে তা দেশে উৎপন্ন হয়েছে। তাই দেশে উৎপাদিত পণ্য ব্যবহারের জন্য ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে সচেতন করতে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। ব্যবসায়ীদের কল্যাণ ও সুরক্ষার জন্য প্রধানমন্ত্রী ন্যাশনাল ট্রেডার্স ওয়েলফেয়ার বোর্ড গড়ে তুলেছেন বলে তিনি জানান।

------------------------

বিকশিত কৃষি সংকল্প অভিযানের আওতায় উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জ ব্লকের মনোহরপুরে একটি আলোচনা চক্রে গতকাল যোগ দেন এলাকার মহিলারা। তারা অনেকেই কৃষিকাজের পাশাপাশি বাড়িতে পশুপালন করে স্বনির্ভর হয়েছেন। এই কর্মসূচীর আওতায় ভারত সরকারের বিভিন্ন বিমা বা প্রকল্প সম্পর্কে কৃষকরা আধিকারিকদের কাছ থেকে জানতে পারছেন।

এদিকে, ঝাড়গ্রামে কৃষি বিকাশ কেন্দ্রের সহয়াতায় জেলা জুড়ে শুরু হয়েছে বিকশিত কৃষি সংকল্প অভিযান। দাসপুরের দুটি ব্লকের কৃষকরা জানিয়েছেন বিশেষজ্ঞদের পরামর্শ পেয়ে তারা দারুণভাবে উপকৃত হচ্ছেন।

------------------------

অস্বস্তিকর তাপমাত্রা থেকে রেহাই পেতে মানুষ এখন তাকিয়ে বর্ষার দিকে। বিক্ষিপ্তভাবে আজ থেকে হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকলেও ১৬ তারিখের আগে দক্ষিণবঙ্গে বর্ষা প্রবেশের সম্ভাবনা নেই।

একটি প্রতিবেদন-ভিসি

------------------------

যাত্রীদের নিরাপত্তা, সুরক্ষা এবং সুবিধার কথা বিবেচনা করে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, দমদম ক্যান্টনমেন্ট - বনগাঁ শাখায় আজ থেকে পরীক্ষামূলকভাবে ৫ টি নতুন লোকাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে। বনগাঁ, দমদম ক্যান্টনমেন্ট এবং বারাসাতের মধ্যে সকাল ও বিকেলে অফিসের ব্যাস্ত সময়ে এই নতুন লোকাল ট্রেন চালানো হবে।